# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জুমআর খুতবা চলাকালে সালাম ও তার উত্তর দেওয়া

জুমআর খুতবা চলাকালে সালাম ও তার উত্তর দেওয়া বৈধ নয়। যেহেতু রাসুল (ﷺ) বলেন, ‘‘জুমআর দিন ইমামের খুতবা দানকালে কথা বললে, তুমি অনর্থ কর্ম করলে এবং (জুমআহ) বাতিল করলে।’’[1]

কিন্তু যদি কেউ সালাম দেয়, তাহলে ইশারায় উত্তর দেওয়া চলে।[2] মুসাফাহার জন্য হাত বাড়ালে মুখে কথা না বলে মুসাফাহা করা জায়েয।[3] অবশ্য খুতবা শেষে সালামের জবাব দেওয়া যায়।

ফুটনোট

[1]. ইবনে খুযাইমা, সহীহ তারগীব ৭১৬

[2]. ফাতাওয়াল লাজনাতিদ দায়েমাহ ৮/২৪৩

[3]. ঐ ৮/২৪৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=7992

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন